

## শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় ডিইউআইটিএস ঢাবির নবীন শিক্ষার্থীদের কম্পিউটার প্রশিক্ষণ দেবে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের শিক্ষার্থীদের বিনামূল্যে প্রয়োজনীয় তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার জ্ঞান প্রদান করবে ঢাকা বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি (ডিইউআইটিএস)। এ কার্যক্রমে সহযোগিতা করবে সরকারের শিক্ষা মন্ত্রণালয়। ডিইউআইটিএস ও শিক্ষা মন্ত্রণালয়ের মধ্যে এ বিষয়ে অচিরেই একটি চুক্তি স্বাক্ষরিত হবে বলে জানা গেছে।

ডিইউআইটিএস সভাপতি আরদুল্লাহ আল ইমরান জানান, গত জুলাইয়ে ঢাবিতে জাতীয় ক্যাম্পাস প্রযুক্তি উৎসবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ শিক্ষার্থীদের প্রাথমিক কম্পিউটার শিক্ষায় মন্ত্রণালয়ের সহযোগিতার মৌলিক আশ্বাস দেন। অচিরেই এ সহযোগিতার রূপরেখা বিষয়ে মন্ত্রণালয়ের সঙ্গে একটি দিকিত চুক্তি হতে যাচ্ছে। শিক্ষামন্ত্রীর সঙ্গে সম্প্রতি এ বিষয়ে আমাদের আলোচনা হয়েছে। তিনি জানান, এ চুক্তি হলে প্রতি বছর ঢাবির প্রায় ৩ হাজার প্রথম বর্ষের শিক্ষার্থী ৭ দিনব্যাপী একটি কর্মশালার মাধ্যমে কম্পিউটার ও তথ্য-প্রযুক্তির প্রাথমিক ধারণা পাবে। এ কার্যক্রমে প্রশিক্ষণ ও ল্যাব সহায়তা দেবে ঢাবির ইন্সটিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)।

ডিইউআইটিএস সূত্র জানায়, আগামী শিক্ষাবর্ষ থেকে নবীন শিক্ষার্থী ভর্তির পরপরই এ কর্মশালার আয়োজন করা হবে। বিশ্ববিদ্যালয়ের ৩টি ভেন্যুতে ৬ দিন ধরে চলবে



প্রশিক্ষণ। ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) নিলনায়ডনে সমাপনী অনুষ্ঠান ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হবে।

উল্লেখ্য, ডিইউআইটিএস ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিচালিত একটি সংগঠন। তথ্য-প্রযুক্তি নির্ভর ক্যাম্পাস তৈরীতে সংগঠনটি বছরজুড়ে নানা কার্যক্রম পরিচালনা করে থাকে। ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক শফিউল আলম ভূঁইয়া সংগঠনের সভাপতির দায়িত্ব পালন করছেন। সম্প্রতি ডিইউআইটিএসের আয়োজনে ঢাবিতে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয়েছে জাতীয় ক্যাম্পাস প্রযুক্তি উৎসব।

— আইটি রিপোর্ট